Department of Patents, Designs and Trade Marks

# THE GEOGRAPHICAL INDICATION (GI)

## JOURNAL

February, 2023

**GI Journal No. 15**

Published on : 13-04-23

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর
ডকেট নং- তাং-
(ক) ডেপুটি রেজিস্ট্রার (অঃ ও প্রঃ)
(খ) ডেপুটি রেজিস্ট্রার (পেঃ ও ডিঃ)
(গ) ডেপুটি রেজিস্ট্রার (ট্রেডমার্কস)
(ঘ) ডেপুটি রেজিস্ট্রার (ডাব্লিউটিও)
(ঙ) ডেপুটি রেজিস্ট্রার (জিঃ আইঃ)
(চ) সিস্টেমস্ এনালিস্ট
রেজিস্ট্রার

পেটেন্ট, ডিজাইন ও ট্রে... অধিদপ্তর
ডকেট নং

# ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন আবেদনের পদ্ধতি

১। **আবেদনপত্র ঃ**

(১) ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের জন্য প্রত্যেকটি আবেদনপত্র নির্ধারিত ফরমে নির্ধারিত ফিসহ এক শ্রেণির পণ্যের জন্য (জি.আই ফরম-০১) এক এবং একাধিক শ্রেণির পণ্যের জন্য জি.আই ফরম-০২ এ আবেদন করিতে হইবে।

(২) প্রত্যেকটি আবেদনপত্র আবেদনকারী তারিখ উল্লেখপূর্বক স্বাক্ষর করিবেন।

(৩) প্রতিটি আবেদনপত্রের তিন কপির সহিত অতিরিক্ত পাঁচ কপি প্রতিলিপি দাখিল করিতে হইবে।

(৪) প্রতিটি আবেদনের পত্রের সহিত সংশিষ্ট পণ্যের পাঁচটি নমুনা দাখিল করিতে হইবে।

২। **ফি ঃ**

(১) ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে তফসিল-০১ এ উল্লিখিত ফি অনুসারে ফি প্রদান করিতে হইবে।

(২) ফি রেজিস্ট্রার বরাবর বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোন বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে পরিশোধ করা যাইবে।

(৩) যে ক্ষেত্রে দলিল দাখিলের জন্য ফি প্রদেয়, সেই ক্ষেত্রে ফি প্রদান ব্যতিরেকে বা অপর্যাপ্ত ফি পরিশোধ করা হইলে, উক্তরূপ দলিলাদি বিধিসম্মতভাবে দাখিল করা হয় নাই বলিয়া গণ্য করা হইবে।

৩। **ভাষা ঃ**

(১) সকল আবেদনপত্র বাংলা অথবা ইংরেজী ভাষায় লিখিত হইতে হইবে।

(২) আবেদনপত্রের কাগজ ও কালি পাঠযোগ্য, টেকসই, স্থায়ী প্রকৃতির ও উন্নতমানের হইতে হইবে।

৪। **আবেদনপত্রে স্বাক্ষর ঃ**

(১) কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের আবেদনপত্র এবং অন্যান্য দলিল নিম্নবর্ণিত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে, যথাঃ–

(ক) ব্যক্তিসংঘ বা উৎপাদনকারী সংগঠনের ক্ষেত্রে, এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি ;

(খ) কোন কর্পোরেট বডি, আইনের অধীন প্রতিষ্ঠিত কোন সংগঠন বা কর্তৃপক্ষের ক্ষেত্রে, উক্তরূপ বডি বা সংগঠন বা কর্তৃপক্ষের পক্ষে উহার প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা, ক্ষেত্রমত, ব্যবস্থাপনা পরিচালক অথবা সচিব অথবা প্রধান কর্মকর্তা ;

(২) স্বাক্ষরকারী ব্যক্তি কর্তৃক স্বাক্ষরের নিম্নে–

(ক) তাহার পদবি বা পদমর্যাদা ; এবং

(খ) বাংলা বর্ণে অথবা বড় হাতের ইংরেজি বর্ণে, তাহার পূর্ণাঙ্গ নাম ; স্পষ্টভাবে লিপিবদ্ধ করিতে হইবে।

৫। **আবেদনপত্রে ব্যবহারকারীর বিবৃতি ঃ**

কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন অথবা পণ্যের বৈধ ব্যবহারকারী হিসাবে নিবন্ধনের জন্য প্রত্যেক আবেদনপত্রে পণ্যটি কোন সময়কাল হইতে কাহার দ্বারা ব্যবহৃত হইতেছে, তাহার একটি বিবরণী থাকিতে হইবে।

৬। **আবেদনপত্রের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলাদি ঃ**

(১) কোন ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের জন্য নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে এবং উহার সহিত নিম্নবর্ণিত তথ্য ও দলিলাদি সরবরাহ করিতে হইবে, যথাঃ–

(ক) নিম্নবর্ণিত বিষয়াদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট পণ্যের ভৌগোলিক নির্দেশক সম্পর্কিত একটি বিবৃতি–

(অ) পণ্যটি উৎপাদিত হইবার সুনির্দিষ্ট অঞ্চল বা এলাকা ;

(আ) উক্ত অঞ্চল, ভূখণ্ড বা, ক্ষেত্রমত, এলাকায় উৎপাদিত হইবার ফলে পণ্যটিতে নিহিত সুনাম, গুণাগুণ ও অনন্য বৈশিষ্ট্য ;

(ই) উক্ত অঞ্চল, ভূখণ্ড বা, ক্ষেত্রমত, এলাকা সম্পর্কিত বিশেষ ভৌগোলিক আবহাওয়া, সহজাত প্রাকৃতিক ও মানবিক বিষয়াদি যাহা পণ্যটিকে স্বাতন্ত্র্য বৈশিষ্ট্য প্রদান করিয়াছে ; এবং

(ঈ) উৎপাদন পদ্ধতি ও উৎস ;

(খ) যে শ্রেণির পণ্যের ক্ষেত্রে ভৌগোলিক নির্দেশক প্রযোজ্য হইবে উহার নাম ;

(গ) পণ্য উৎপাদনকারী দেশের নির্দিষ্ট যে অঞ্চল, ভূখণ্ড বা এলাকায় পণ্যটি উৎপাদিত হয় উহার মানচিত্র ;

(ঘ) ভৌগোলিক নির্দেশক পণ্যসমূহকে নির্দেশ করে এমন কোন শব্দ বা চিহ্ন ;

(ঙ) নিবন্ধনের জন্য প্রস্তাবিত ভৌগোলিক নির্দেশক পণ্যটির উৎপাদনকারীগণ সম্পর্কিত বিবরণ ;

(চ) আবেদনকারী কিভাবে আইনের অধীন গঠিত সংশ্লিষ্ট ব্যক্তিসংঘ, উৎপাদনকারীগণের সংগঠন, সংস্থা বা কর্তৃপক্ষের স্বার্থের প্রতিনিধিত্ব করেন তৎমর্মে একটি হলফনামা ;

(ছ) ভৌগোলিক নির্দেশক পণ্যের জন্য ব্যবহৃত কোন বিশেষ "স্ট্যান্ডার্ড বেঞ্চমার্ক" অথবা উৎপাদন, বাজারজাতকরণ, তৈরি ইত্যাদি সম্পর্কিত "শিল্প মানদন্ড" থাকিলে তৎসম্পর্কিত দলিলাদি ;

(জ) ভৌগোলিক নির্দেশক পণ্যের মান, গুণাগুণ, মানের ধারাবাহিকতা বা বিশেষত্ব বজায় রাখিবার বা নিশ্চিৎকরণের জন্য পণ্যটির উৎপাদনকারী, কারিগর বা প্রস্তুতকারক কর্তৃক প্রয়োগকৃত পদ্ধতি (mechanism) সম্পর্কিত বিবরণ ;

(ঝ) আবেদনাধীন পণ্যের ভৌগোলিক নির্দেশক সংশ্লিষ্ট অঞ্চল, ভূখণ্ড বা এলাকার মানচিত্রের (মানচিত্র প্রকাশকের পদবি, নাম ও ইস্যুর তারিখ উল্লেখক্রমে) তিনটি প্রত্যায়িত কপি ;

(ঞ) আবেদনাধীন পণ্যের ভৌগোলিক নির্দেশক সংশ্লিষ্ট বিশেষ মানবিক দক্ষতা, ভৌগোলিক জলবায়ুর অনন্যতা অথবা অন্যান্য সহজাত বৈশিষ্ট্য সম্পর্কিত বিবরণ ;

(ট) সংশ্লিষ্ট পণ্যের উৎপাদনকারীগণের স্বার্থের প্রতিনিধিত্বকারী ব্যক্তিসংঘ, সংস্থা বা কর্তৃপক্ষের পূর্ণ নাম ও ঠিকানা ;

(ঠ) আবেদনে উল্লিখিত অঞ্চল, ভূখণ্ড বা এলাকায় সংশ্লিষ্ট পণ্যটির ক্ষেত্রে আবেদনাধীন ভৌগোলিক নির্দেশকের ব্যবহার নিয়ন্ত্রণের জন্য কোন পরিদর্শন ব্যবস্থা থাকিলে উহার বিবরণ ; এবং

(ড) আবেদনাধীন ভৌগোলিক নির্দেশক পণ্য ইতোমধ্যে নিবন্ধিত কোন ভৌগোলিক নির্দেশক পণ্যের সমনামীয় হইলে, আবেদনাধীন পণ্য ও ইতোমধ্যে নিবন্ধিত পণ্যের মধ্যে গুরুত্বপূর্ণ পার্থক্যজ্ঞাপক বৈশিষ্ট্যের বিবরণ এবং প্রতারণা বা ভোক্তাগণের বিভ্রান্তি রোধে গৃহীত প্রতিরোধমূলক ব্যবস্থা সম্পর্কিত বিবরণ।

৭। **কনভেনশনভুক্ত ব্যবস্থার অধীন আবেদন ঃ**

(১) কনভেনশনভুক্ত কোন রাষ্ট্রের একজন আবেদনকারী কর্তৃক কোন ভৌগোলিক নির্দেশক পণ্যের নিবন্ধনের জন্য আবেদন করা হইলে উক্তরূপ আবেদনপত্রের সহিত কনভেনশনভুক্ত রাষ্ট্রের ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন অফিস যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত একটি সনদপত্র দাখিল করিতে হইবে এবং উক্ত সনদপত্রে ভৌগোলিক নির্দেশক পণ্যটির বিস্তারিত বিবরণসহ আবেদনপত্রটি দাখিলের তারিখ, রাষ্ট্রের নাম, কনভেনশনভুক্ত রাষ্ট্রে পণ্যটি প্রথম নিবন্ধনের তারিখ এবং রেজিস্ট্রার কর্তৃক চাহিত অন্যান্য বিষয়াদির বিবরণ অন্তর্ভুক্ত করিতে হইবে।

(২) যেইক্ষেত্রে নিবন্ধনের আবেদন করিবার সময় উক্তরূপ সনদ উপস্থাপন না করা হয়, সেইক্ষেত্রে আবেদন করিবার ২(দুই) মাসের মধ্যে রেজিস্ট্রারের সন্তুষ্টি অনুযায়ী আবেদনটি পেশ করিবার তারিখ, উহার রাষ্ট্রের নাম, ভৌগোলিক নির্দেশক পণ্যটির বিবরণ, আবেদনপত্রে উল্লিখিত শ্রেণি এবং পণ্য সম্বলিত তথ্যাদি প্রত্যয়ন ও সত্যায়নপূর্বক পেশ করিতে হইবে।

(৩) আবেদনপত্রটি একই ভৌগোলিক নির্দেশক পণ্যের জন্য এবং আবেদনপত্রের অধীন সকল অথবা আংশিক পণ্যের জন্য কনভেনশনভুক্ত রাষ্ট্রে আবেদনকারীর প্রথম আবেদন হইতে হইবে।

(৪) যেইক্ষেত্রে কনভেনশনভুক্ত রাষ্ট্র হইতে এক বা একাধিক শ্রেণির ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের জন্য একটিমাত্র আবেদনপত্র দাখিল করা হয়, সেইক্ষেত্রে উক্ত আবেদন নির্ধারিত ফরমে দাখিল করিতে হইবে।

৮। **আবেদনপত্রের প্রাপ্তি স্বীকার ঃ**

(১) আবেদনপত্রের নম্বর ও ভৌগোলিক নির্দেশক পণ্যের নাম উল্লেখপূর্বক রেজিস্ট্রার প্রাপ্তি স্বীকার নিশ্চিত করিবেন।

৯। **যোগাযোগের ঠিকানা ঃ**

প্রতিটি আবেদনপত্র নিম্নোক্ত ঠিকানায় দাখিল করিতে হইবে :

রেজিস্ট্রার
পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর
শিল্প ভবন (৬ষ্ঠ তলা)
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
বাংলাদেশ
ফোন ঃ ৮৮-০২-৯৫৬০৬৯৬
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৫৬৫৫৬
ই-মেইল ঃ registrar@dpdt.gov.bd
Web: www.dpdt.gov.bd

## ভৌগোলিক নির্দেশক আবেদন নং-২৯

আবেদনের তারিখ : ০১-০১-২০১৮

বাংলাদেশ রেস্তোরাঁ মালিক সমিতি, বগুড়া জেলা শাখা, বগুড়া এর ভৌগোলিক নির্দেশক পণ্য "বগুড়ার দই" যা শ্রেণি ২৯ এ অন্তর্ভুক্ত, তা নিবন্ধনের জন্য ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) আইন, ২০১৩ এর ধারা ১২ অনুসারে জার্নালে প্রকাশ করা হলো।

**আবেদনকারীর নামঃ** বাংলাদেশ রেস্তোরাঁ মালিক সমিতি, বগুড়া জেলা শাখা।

ঠিকানাঃ ২৩, সপ্তপদী মার্কেট (৩য় তলা), সাতমাথা, বগুড়া-৫৮০০।

ব্যক্তি/উৎপাদক/ব্যক্তিবর্গ/সংগঠন/উৎপাদকের সংগঠন/সংস্থা/কর্তৃপক্ষের তালিকাঃ উৎপাদনকারীগণের তালিকা প্রদান করা হয়েছে। পরবর্তীতে তালিকায় আরও উৎপাদনকারীর নাম সংযোজিত হতে পারে।

প্রকারঃ ০১ (এক) প্রকার।

ভৌগোলিক নির্দেশক পণ্যের নামঃ বগুড়ার দই।

শ্রেণিঃ ২৯

**উৎপাদন পদ্ধতিঃ**

দই উৎপাদনকারীগণ সাধারণত কাছে বা দূরের দুধওয়ালাদের কাছ থেকে দুধ সংগ্রহ করে থাকেন। ক্ষেত্র বিশেষে বিভিন্ন বাজার থেকে লোক দিয়ে দুধ সংগ্রহও করা হয়ে থাকে। সংগৃহীত দুধ প্রথমে কড়াইতে জ্বাল দেয়া হয়। দুধ জ্বাল দিয়ে ঘন হয়ে ওঠে এবং পরিমাণে অর্ধেক হয়ে গেলে তখন তাতে চিনি মেশানো হয়। চিনি দেয়ার পর আবার জ্বাল দেয়া হয় এবং জ্বাল দেয়া দুধ (ঝাঁপি দিয়ে) ঢেকে রাখা হয়। ঢেকে রাখার ১/১.৫ ঘন্টা পর ঝাঁপি খুলে বিভিন্ন আকারের পাত্রে (যেমন ৫০০ গ্রাম, ১ কেজি, ১.৫ কেজি বা ২ কেজি আকারের হাড়ি বা সড়া) দুধ ঢেলে দিয়ে ঢেকে রাখা হয় এবং ১/১.৫ ঘন্টা পর পুনরায় পর্যবেক্ষণ করা হয়। ভরাট করা পাত্রের দুধের লেভেল নিচে নেমে গেলে পুনরায় দুধ ঢেলে তা পূরণ করে দেয়া হয়। এভাবে সারা রাত ধরে পর্যায়ক্রমে পর্যবেক্ষণ করা হয় ও কয়েক দফায় পাত্রে দুধ ঢেলে পাত্রগুলো ভরাট করে দইয়ের বীজ সব পাত্রে প্রদান করা হয়। অতঃপর সব পাত্র ঢেকে দিয়ে ভোরবেলা ঢাকনা খুলে দেখতে হয় যে, আরও তাপ দেয়া প্রয়োজন আছে কিনা। তাপ দেয়া দরকার হলে প্রয়োজন মাফিক তাপ দিয়ে পাত্রগুলো ঝাঁপি দিয়ে আবার ঢেকে দেয়া হয়। পরবর্তী দুই ঘন্টার মধ্যে দুধ জমাট বেঁধে দইয়ে পরিণত হয় এবং প্রস্তুতকৃত দই খাওয়ার, পরিবেশনের বা বিক্রয়ের জন্য উপযুক্ত হয়।

**ঐতিহাসিক প্রমাণ ঃ**

বাংলাদেশের অন্যান্য জেলা কিংবা অঞ্চলে দই উৎপাদিত হলেও কিছু বিশেষত্বের কারণে 'বগুড়ার দই' এর খ্যাতি দেশজুড়ে। উৎপাদন ব্যবস্থার প্রতিটি পর্যায়ে কারিগরদের (উৎপাদক) বিশেষ পদ্ধতি অনুসরণের পাশাপাশি মান নিয়ন্ত্রণের ক্ষেত্রে তারা যত্নবান হওয়ায় বগুড়ার দই স্বাদে-গুণে তুলনাহীন। প্রায় দেড়শ' বছর আগে বগুড়ার শেরপুর উপজেলার ঘোষ পরিবারের হাত ধরে বগুড়ার দইয়ের উৎপাদন শুরু হয়। শেরপুরে দই তৈরির প্রবর্তক ঘোষপাড়ার নীলকণ্ঠ ঘোষ। পরবর্তী সময়ে বগুড়ার নওয়াব আলতাফ আলী চৌধুরীর (পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী মোহাম্মদ আলীর বাবা) পৃষ্ঠপোষকতায় শেরপুরের ঘোষ পাড়ার অন্যতম বাসিন্দা শ্রী গৌর গোপাল পাল বগুড়া শহরে দই উৎপাদন শুরু করেন। বর্তমানে নওয়াব বাড়ি রোডে তার উত্তরসূরী দুই সন্তান শ্রী বিমল চন্দ্র পাল ও শ্রী স্বপন চন্দ্র পাল শ্রী গৌর

গোপাল দধী ও মিষ্টান্ন ভান্ডার নামে সেই প্রাচীন দোকানটি চালু রেখেছেন। পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী মোহাম্মদ আলী তৎকালীন পার্লামেন্ট সদস্যদের দই খাইয়ে বাহবা পেয়েছিলেন বলে শ্রী স্বপন চন্দ্র পাল তার দাদুর মুখে শুনেছেন। শ্রী স্বপন চন্দ্র পাল আরও জানান তার দাদু শ্রী গৌর গোপাল রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে ২০০ মন দই সরবরাহ করেছিলেন। শ্রী স্বপন চন্দ্র পাল তার দাদুর আরও মজার স্মৃতি মনে করে বেশ গর্বের সহিত বলেন যে, স্বাধীনতা উত্তর মহান নেতা ও প্রধানমন্ত্রী শেখ মুজিবুর রহমান এর বগুড়া আগমন উপলক্ষ্যে সারা রাত জেগে শ্রী গৌর গোপাল পাল দই তৈরি করেন কিন্তু কিছুতেই তাঁর নিকট পৌঁছাতে না পেরে অবশেষে বহু চেষ্টায় মাননীয় প্রধানমন্ত্রীর নিকট তার বিশেষ দই তৈরি ও পরিবেশনের অভিপ্রায়ের খবর পাঠাতে সক্ষম হন এবং প্রধানমন্ত্রীর সাদর আমন্ত্রণে নিজ হাতে দই খাইয়েছিলেন।

বিদেশে বগুড়ার দইয়ের খ্যাতি সর্বপ্রথম ১৯৩৮ সালে ইংল্যান্ডে ছড়িয়ে পড়ে। ওই বছরের গোড়ার দিকে তৎকালীন বাংলার ব্রিটিশ গভর্নর স্যার জন এন্ডারসন বগুড়া নওয়াববাড়ি বেড়াতে এসে প্রথম দইয়ের স্বাদ গ্রহণ করেন। তাঁকে কাচের পাত্রে তৈরি করা বিশেষ ধরনের দই খেতে দেওয়া হয়। লোভনীয় স্বাদের কারণে গভর্নর এন্ডারসন বগুড়ার দই ইংল্যান্ডে নেওয়ার পরিকল্পনা করেন।

পাকিস্তানের তৎকালীন স্বৈরাচারী প্রেসিডেন্ট আইয়ুব খান বগুড়ায় এসে দইয়ের স্বাদ পেয়ে ব্রিটেন ও মার্কিন যুক্তরাষ্ট্রের কর্তাদের সহানুভূতি পেতে পাঠান এই দই।

বগুড়ার দই এর স্বাদ পেতে এখন ভারতবাসি দারুণ আগ্রহী। কয়েক বছর আগে জলপাইগুড়ি জেলার চেম্বার কর্মকর্তাদের মধ্যে বগুড়ার দই নিয়ে তোলপাড় শুরু হয়ে যায়। ওই সময়ে সেখানে অনুষ্ঠিত বাণিজ্যমেলায় বগুড়ার দইয়ের কদর এতটাই বেড়ে গিয়েছিল যে, বগুড়া থেকে ১০ মেট্রিক টন (প্রতিটি ৬শ' গ্রাম ওজনের ১৭ হাজারেরও বেশি সরা) দই সরবরাহের অনুরোধ জানানো হয়েছিল। পরে অবশ্য অল্প সময়ের মধ্যে এত দই পাঠানো যায়নি। ২০১৭ সালে ডিসেম্বরে জলপাইগুড়িতে অনুষ্ঠিত নর্থ বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রি (এনবিএনসিসিআই) আয়োজিত বাণিজ্যমেলায় পরীক্ষামূলকভাবে ৫শ' কেজি দই পাঠানো হয় বগুড়া থেকে, দইয়ের স্বাদ পেয়ে সেখানকার লোক পিঁপড়ের মতো লাইন ধরে ভিড় করতে থাকে স্টলে। এত চাহিদা পূরণ করা যায়নি।

বর্তমানে বগুড়ার প্রায় ২০০ টি দই তৈরির কারখানায় শ্রমিক এবং কর্মচারীর সংখ্যা প্রায় ৭০০০ জন। এ ছাড়া দই ব্যবসায় পরোক্ষভাবে যেমন দুধ উৎপাদন, মাটির সরা বা পাত্র তৈরি, জ্বালানী সরবরাহ, কার্টুন তেরি, বাঁশের ফ্রেম তৈরি ইত্যাদি কাজে আরও প্রায় ১০,০০০ মানুষের কর্মসংস্থান হয়েছে। শুধুমাত্র বগুড়াতেই দই বিপণনের জন্য পাঁচ শতাধিক দোকান আছে। প্রতিটি দোকানে এক কেজি ও দুই কেজির সরা এবং ডুঙ্গিতে করে দই বিক্রি হয়। প্রতি কেজি দই এর দাম ১৪০ থেকে ২০০ টাকা।

**স্পেসিফিকেশনঃ** বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) কর্তৃক সম্পাদিত **বগুড়ার দইয়ের** নিম্নলিখিত টেস্ট রেজাল্টগুলো সরবরাহ করা হয়েছে।

**Test 1**:

| SL No. | Tests | Results |
|---|---|---|
| 01 | Escherichia coli, MPN/g | <0.3** |
| 02 | Total Coliforms, MPN/g | <0.3** |
| 03 | Yeasts and Molds, cfu/g | <10* |
| 04 | Salmonella sp./25g | Absent |

*<10 indicate absence of test organisms in 1 g of sample.

** As per MPN (most probable number) chart, MPN <0.3 indicates absence of test organism in 1 g.

**Comments**: The microbiological test result of the supplied sample is acceptable in quality.

**Test 2**:

| SL No | Test Specification | Results |
|---|---|---|
| 01 | Fat% | 6.64 |
| 02 | Protein% | 5.49 |
| 03 | Moisture% | 53.48 |
| 04 | Colour | Cream Colour |
| 05 | Acidity% | 1.55 |
| 06 | Organolaptic Test | Satisfactory |
| 07 | Solid Non Fat% | 39.88 |


**Remarks/Comments : Above test results have been found in the supplied sample.**


**Test 3** :

| Description of Sample | Test parameter | Detected/Noun Deteced | Amount |
|---|---|---|---|
| দই | Lead (Pb)*, in mg/kg | Detected | 0.006 |
| | Arsenic (As)*, in mg/kg | Not Detected | - |
| | Cadimum (Cd**, in mg/kg | Not Detected | - |
| | Chromimum (Cr)** in mg/kg | Not Detected | - |

Method : AAS (Graphite Furnace*, Flame**)

Detection Limit : 0.05mg/kg (pb); 0.005mg/kg (Cd) ; 0.5mg/kg (Cr)
Remarks/Comments : The above results were valid for the supplied "Yogurt" Sample






বগুড়ার দই

উৎপাদন অঞ্চল ঃ

বগুড়া জেলার বগুড়া সদর এবং শেরপুর থানায় সবচেয়ে অধিক পরিমাণে এবং উৎকৃষ্ট মানের দই উৎপাদিত হয়ে থাকে। এছাড়া ধুনট, গাবতলী, সারিয়াকান্দি, সোনাতলা ও শিবগঞ্জ থানায় দই উৎপাদিত হয়। শাহাজানপুর, নন্দীগ্রাম, কাহালু, দুপচাঁচিয়া ও আদমদীঘি থানায় অল্প পরিমাণে কিন্তু উৎকৃষ্ট মানের দই উৎপাদিত হয়।




অনন্য বৈশিষ্ট্যঃ দুধের বিশেষ স্বাদযুক্ত, রুচি বর্ধক ও হজমকারক।

পরিদর্শন কর্তৃপক্ষঃ বিএসটিআই।

ব্যবহারকালঃ ১৯৩৮ সাল হতে ব্যবহার হয়ে আসছে।

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস-সিডিপি শাখা-(ক)-১০২৯/২০২২-২০২৩/(শিল্প)-২২-০৩-২০২৩-২০০ বই।

## LIST OF AGENTS

1. Messrs Book Syndicate,
   157, Government New Market, Dhaka.

2. Messrs Warshi Book Corporation,
   14, Bangabandhu Avenue, Dhaka.

3. Bangladesh Co-operative Book Society,
   150, Government New Market, Dhaka.

4. Messrs K.R. & Co.,
   73, Abul Hassnat Road, Dhaka.

5. Bangladesh Subscription Service,
   64, Purana Paltan, Dhaka.

6. Messrs Mohiuddin & Sons,
   143, Government New Market, Dhaka.

7. Messrs Hasanat Library,
   4, N. S. Road, Kushtia.

8. Messrs Current Book Stall,
   Jessore Road, Khulna.

9. Messrs Current Book Mohal,
   Jalsa Cinema, Jubilee Road, Chittagong.

10. Messrs Khoshroj Kitab Mohal,
    15, Bangla Bazar, Dhaka.

11. Messrs New Front Bipani Bitan,
    New Market, Chittagong.

For official use only

Printed by : Dr. Mohammad Mofizur Rahman, Deputy Director, (Deputy Secretary)
Government Printing Press, Tejgaon, Dhaka.
Published by : Hasina Begum, Deputy Director, (Deputy Secretary)
Bangladesh Forms and Publication Office, Tejgaon, Dhaka.